মেহেরপুর প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশের পর ইট ভাটায় জেলা প্রশাসনের অভিযান

মেহেরপুরে জেলা প্রশাসকের নির্দেশে অবৈধ ইট ভাটা ভেঙে দেওয়া হয়েছে। সেই সাথে কাচা ইট গুলো পানি দিয়ে নষ্ট করে দেওয়া হয়েছে। রবিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার টঙ্গী গোপালপুর গ্রামে এ আব্দুর রাজ্জাক দুদু টিনের চিমনির ইট ভাটায় অভিযান চালানো হয়।

জেলা প্রশাসক মোঃ আতাউল গনির নির্দেশে সরকারি কমিশনার এম এম আরাফাত হোসেন এর নেতৃত্বে পুলিশ ও মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দলের সহযোগিতায় টিনের চিমনি ভাঙা সহ সেখানকার সমস্ত ইট পানি ছিটিয়ে নষ্ট করে দেওয়া হয়।

সম্প্রপি মেহেরপুর প্রতিদিন প্রত্রিকায় অবৈধ ইট ভাটার প্রস্তুতি নিয়ে একটি সংবাদ প্রকাশিত হয়। এর পর ইট ভাটার মালিকরে সাথে জেলা প্রশাসক মতবিনিময় সভা করেন। সভায় সিদ্ধান্ত অনুযায়ি মেহেরপুরে কোন অবৈধ ব্যারেল চিমনি থাকবে না।

তারপর কিছু অসাধু ব্যবসায়ী সরকারের চোখ ফাকি দিয়ে ব্যারেল চিমনি দিয়ে ইট পোড়ানোর প্রস্তুতি নিচ্ছিল। এছাড়াও কয়েকটি ইট ভাটায় আগুনও দেওয়া হয়েছিল।

এমন সংবাদের ভিত্তিতে রবিবার গোপালপুরে অভিযান চালিয়ে ব্যারেল চিমনির ইট ভাটাটি ধ্বংস করে দেওয়া হয়।

- নিজস্ব প্রতিনিধি

১৫ দফা দাবি আদায়ে তেল পাম্পে

ধর্মঘট

মেহেরপুর সহ খুলনা বিভাগের ১০ জেলা সেই সাথে রংপুর ও রাজশাহী বিভাগের সকল ট্যাংকলরী মালিক-শ্রমিক ও জ্বালানী তেল ব্যবসায়ীরা ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি ঘোষনা করেছে।

রবিবার সকাল থেকে খুলনা, রাজশাহী, রংপুর বিভাগের সব জেলাতে তেল উৎপাদন, বিক্রয় ও পরিবহন বন্ধ রেখেছে মালিক-শ্রমিকরা।

বাংলাদেশ জ্বালানি তেল পরিবেশক সমিতি, বাংলাদেশ ট্রাংক লরি ওনার্স অ্যাসোসিয়েশন, খুলনা বিভাগীয় ট্যাংকলরি শ্রমিক ইউনিয়ন ও পদ্মা, মেঘনা, যমুনা ট্যাংকলরি শ্রমিক সমিতির উদ্যোগে জ্বালানি তেল বিক্রয়ের প্রচলিত কমিশন কমপক্ষে ৭.৫%করা।

জ্বালানি তেল ব্যবসায়ীরা কমিশন এজেন্ট নাকি উৎপাদনকারী প্রতিষ্ঠান? এ বিষয়টি সুনির্দিষ্ট করা, প্রিমিয়াম পরিষোধ সাপেক্ষে ট্যাংকলরি শ্রমিকদের ৫ লক্ষ টাকা দুর্ঘটনা বিমা প্রদানসহ ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে তেল পাম্প গুলো অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করেছে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, মেহেরপুরের সব কটি তেল পাম্পে তেল বিক্রি বন্ধ রয়েছে।

এদিকে হটাৎ করেই তেল পাম্পগুলো ধর্মঘট শুরু করাই বিপাকে পড়েছে সাধারণ মানুষ। সেই সাথে সকল বাস-ট্রাক গুলো তেল না পেয়ে অনেকটা বাধ্য হয়েই চলাচল বন্ধ রেখেছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বিশ্ব এইডস দিবস

পালন

“এইডস নির্মূলে প্রয়োজন, জনগনের অংশগ্রহণ” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মেহেরপুরে পালিত হলো বিশ্ব এইডস দিবস।

এ উপলক্ষে জেলা সিভিল সার্জন অফিসের উদ্যোগে একটি র্যালী বের করা হয়। র্যালীটি পৌর ঈদগাহ গেট থেকে সিভিল সার্জন কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সিভিল সার্জন সম্মলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা সিভিল সার্জন ডা.শামীম আরা নাজনীন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুল রহমান, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, বিএমএ সভাপতি ডা.রমেশ চন্দ্রনাথ, ডা.তাপস কুমার সরকার, পেনেল মেয়র শাহিনুর রহমান রিটন, ডা.অলোক কুমার দাস প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

সরকারি ভাবে মালয়েশিয়া সফরে যাচ্ছেন কাজি ফাহাদুর

মেহেরপুর পাসপোর্ট অফিসের অফিস সহকারী কাজি ফাহাদুর ইসলাম ১ মাসের সরকারি কাজে মালয়েশিয়া যাবেন।

২ ডিসেম্বর ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তিনি বাংলাদেশ ছেড়ে যাবেন।

মালয়েশিয়ায় বাংলাদেশিদের পাসপোর্ট জটিলতা সমাধান করার জন্য ফাহাদ সহ সারা বাংলাদেশ থেকে ৮ জন মালয়েশিয়া যাবেন।

- নিজস্ব প্রতিনিধি

বিলবোর্ড পোষ্টার লাগাতে ঠুকা হচ্ছে পেরেক

গাছেরও জীবন আছে। কথা না বলতে পারলে এর অনুভব শক্তি রয়েছে। প্রকৃতির ভারসাম্য রক্ষাকারী গাছ মানুষের উপকার করে।

অথচ সেই গাছের উপর চলছে নানা অত্যাচার নির্যাতন। নানা ধরণের কোচিং সেন্টার, চিকিৎসা কেন্দ্র, ব্যাক্তিগত বিজ্ঞাপণ বিলবোর্ড ও পোস্টার ব্যানার গাছে সাথে পেরেক ঠুকে লাগান হয়েছে।

বিশেষ করে বিভিন্ন জনসমাগমের স্থান ও বাস স্ট্যান্ডে নিকট অবস্থিত গাছ গুলি এসব পোস্টারে নির্যাতনের স্বীকার। বিলবোর্ড গুলোর মধ্যে বেশী জায়গা দখল করেছে নানা কোম্পানীর যৌন চিকিৎসার বিষয়টি।

মেহেরপুরের অনেক এলাকাতেই গাছে গাছে পেরেক ঠুকে লাগানো হয়েছে হরেক রকমের বিজ্ঞাপন।

গাছে পেরেক ঠুকে সাইনবোর্ড লাগানো দÐনীয় অপরাধ হলেও এ আইনের প্রয়োগ না থাকায় সচেতন মহলে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। গাছে পেরেক ঠুকে সাইনবোর্ড না লাগানোর বিষয়ে ২০০২ সালের ৭ জুলাই জাতীয় সংসদে একটি আইন পাস হয়। কিন্তু আজো আইনটি কার্যকর হয়নি।

ফলে শহরের অনেক গুরুত্বপূর্ণ সড়কের পাশাপাশি গ্রামীণ সড়কের প্রায় সব গাছই এখন বিজ্ঞাপন দাতাদের হাত থেকে রক্ষা পাচ্ছে না।

গাছে সাঁটানো পোস্টার গুলোর মধ্যে রয়েছে কোচিং সেন্টার, প্রাইভেট পড়ানো, হারবাল পদ্ধতিতে যৌন চিকিৎসা, আর্ট সেন্টার এমনকি আইন প্রয়োগকারী সংস্থার মোবাইল নম্বর, ঠিকানা ও বিভিন্ন বিভাগের নানা প্রচারণী। হরেক রঙ্গের পোস্টার ও ব্যানার পথচারীদেরকে নজর কাড়ে।

সেই সাথে যৌন চিকিৎসার অশ্লীল ধরনের প্রচারণা দেখে অভিভাবক ও স্কুল কলেজগামী ছাত্র ছাত্রীরা পড়েন বিব্রতকর পরিস্থিতিতে। ছেলে মেয়েদের এমনকি স্ব-পরিবারে বাইরে আসলে নানা কুরুচীপূর্ণ বিজ্ঞাপণ

দেখে হতবাক হয় স্কুল ও কলেজ পড়–য়া শিক্ষার্থীরা।

অনেক সময় কোমলমতি বাচ্চারে এসব জিজ্ঞাসা করলে কোন উত্তর দেয়া সম্ভব হয় না। বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয় অভিভাবকদের।

পথচারী ও স্থানীয় অভিভাবকরা জানায়, গাছ পরিবেশের ভারসাম্য রক্ষা করে। ছায়াদান করে ও ফল দেয়। গাছ রক্ষা করে মানুষের জীবন।

অথচ নিজেদের প্রচার প্রচারণার জন্য মানুষ যেভাবে গাছের প্রতি অন্যায় আচরণ করছে, তাতে গাছের আয়ুকাল কমে যাচ্ছে। পরিবেশ হারাচ্ছে ভারসাম্য। এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া একান্ত উচিৎ।

গাংনী মহিলা ডিগ্রী কলেজ প্রভাষক রমজান আলী জানায়, গাছের প্রতি সহিংস ভাব দূর করতে হবে। তাছাড়া এলাকায় যে সব প্রতিষ্ঠানের বিলবোর্ড, সাইনবোর্ড ও ব্যানার রয়েছে তাদেরকে ইতোমধ্যে পৌর কর্তৃপক্ষের কাছে অনুমতি নেওয়ার জন্য চিঠি দেওয়া হয়েছে। এতে কেউ ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, বিষয়টি দুঃখ জনক। পৌর সভার মধ্যে যে সকল বিলবোর্ড বা সাইনবোর্ড লাগানো হয়েছে তা আইন বহির্ভুত ভাবে লাগানো হয়েছে।
এদের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা না নিলে গাছ গাছালির দিকে তাকানো যাবেনা। পরিবেশ নষ্ট হবে দ্রত।

এ বিষয়ে যা করণীয় তা দ্রæত শুরু করার আশ্বাস দিয়েছেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন

আওয়ামী লীগের কাউন্সিল বন্ধ!

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগ সম্মেলনের দিন ৩০ নভেম্বর গতকাল শনিবার নির্ধারিত থাকলেও কোন নির্দিষ্ট কারণ ছাড়াই তা বন্ধের নির্দেশ দিয়েছেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসানের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

হঠাৎ করে এ ধরনের সিদ্ধান্তে ক্ষুদ্ধ ওই ইউনিয়নের সংশ্লিষ্ট নেতাকর্মীরা। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক নেতাকর্মীদের অনুরোধে বিষয়টি সরেজমিনে দেখার জন্য ওই এলাকায় যান।

সেখানে গিয়ে তিনি প্যান্ডেল তৈরীর আংশিক কাজ করা হয়েছে দেখতে পান। তবে বাকী কাজ বন্ধের বিষয়টিও তিনি জানতে পারেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক জানান, সংশ্লিষ্ট এলাকায় গিয়ে তিনি সরেজমিনে গিয়ে দেখেছেন কাউন্সিলের জন্য প্রস্তুতির আংশিক সম্পন্ন হয়েছে তবে জেলা কমিটির সাথে এলাকার নেতাকর্মীদের সাথে কোন আলোচনা বা সমন্বয় না করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন কেন বন্ধ করা হলো এ বিষয়টি আমার বোধগম্য নয়।

তবে তিনি ক্ষুদ্ধ নেতাকর্মীদের সাংগঠনিক নিয়মে ধৈর্য্যধারণ করার পরামর্শ দেন এবং যত তাড়াতাড়ি সম্ভব পুনরায় সম্মেলনের দিন তারিখ নির্ধারণ করে তা জানিয়ে দিবেন বলে আশ্বস্ত করেন।

তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগে কাউন্সিল বিষয়ে মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, যেহেতু থানা কাউন্সিল এখন হচ্ছে না তাই তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের কাউন্সিলটি পরে কোন এক দিন করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় ফেন্সিডিলসহ পুলিশ আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সীমান্ত এলাকা থেকে চার বোতল ফেনসিডিলসহ বরখাস্তকৃত এক পুলিশ কনেস্টেবলকে গ্রেপ্তার করেছে পুলিশ। তার নাম কবিরুল ইসলাম (৩৫)।

কবিরুল মেহেরপুরের বন্দরগ্রামের মৃত মিয়াউর রহমানের ছেলে। তিনি খুলনা জেলা পুলিশ লাইনে কর্মরত ছিলেন। বর্তমানে শাস্তিমূলক বরখাস্ত রয়েছেন। গতকাল শনিবার রাতে তাকে আটক করা হয়।

দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাস জানান, ভারতীয় ফেনসিডিলের চালান যাবে এমন তথ্যের ভিত্তিতে সীমান্তবর্তী মুন্সিপুর এলাকায় অভিযান চালায় দামুড়হুদা থানা পুলিশের একটি দল। এ সময় পুলিশের সন্দেহ হলে একটি ইজিবাইককে গতিরোধ করা হয়। ইজিবাইকে থাকা কবিরুলের দেহ তল্লাশী করে চার বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ওসি আরো জানান, মাদকের সাথে সংশ্লিষ্ট থাকার অভিযোগে ২০১৮ সালের ১৭ জুলাই তাকে খুলনা পুলিশ থেকে বরখাস্ত করা হয়। তার বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

শেখ হাসিনা ক্ষমতায় আসলে দেশ ও জনগনের উন্নয়ন হয়…এমপি সাহিদুজ্জামান

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যখনই ক্ষমতায় আসে তখনই এদেশের উন্নয়ন হয় দেশের সকল শ্রেনী পেশার মানুষের

ভাগ্যের উন্নয়ন হয়। দেশের মানুষ নিশ্চিন্তে রাতে ঘুমাতে পারে।

তাদের ক্ষুধা দারিদ্রতার অভিশাপ থেকে মুক্ত করেন আমাদের নেত্রী জননেত্রী শেখ হাসিনা।

শনিবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন গ্রাম পরিদর্শন কালে এমনটি বলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গণশুনানীর অংশ হিসেবে তিনি এলাকার সকল শ্রেনী পেশার মানুষের সাথে তাদের দাবি দাওয়ার কথা শোনেন এবং তাদের দাবি পূরণের প্রতিশ্রুতি দেন।

এমপি সাহিদুজ্জামানের আগমনে হিন্দা গ্রামে ফুল দিয়ে শুভেচ্ছা জানান,জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলি, তেতুলবাড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল্লা আল মামুন সহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

এমপি সাহিদুজ্জামান খোকনকে কাছে পেয়ে হিন্দা গ্রামের লোকজন তাদের দাবির কথা জানান। এসময় তারা এমপির নিকট একটি মসজিদ নির্মাণের সহযোগিতা দাবি করেন।

এমপি সাহিদুজ্জামান খোকন তাদেরকে একটি মসজিদ নির্মাণের সহযোগিতার পূর্ন আশ্বাস দেন। পরে তিনি ঐ গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে যান সেখানে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে খোঁজ খবর নেন এবং বিদ্যালয়ে অবকাঠামো উন্নয়নের আশ্বাস দেন।

পরে তেতুলবাড়িয়া গ্রামের উদ্দেশ্যে রওনা দেওয়ার পথে পলাশী হিন্দা মাঠে কৃষকদের সাথে কথা বলেন এবং ধান ক্ষেতে নেমে কৃষকদের সাথে নিজ হাতে ধান কাটা শুরু করেন।

তিনি কৃষকদের নিজের ধান নিজে সরকারি গোডাওনে বিক্রয়ের জন্য পরামর্শ দেন যাতে করে কৃষকরা তাদের ফসলের ন্যায্য দাম পায়।

তিনি বলেন জননেত্রী শেখ হাসিনার সরকার কৃষি বান্ধব সরকার। কৃষকভাইদের পূঁজি করে যাতে কেউ মুনাফা অর্জন করতে না পারে সেজন্য কৃষকদের কার্ডের মাধ্যমে সরাসরি তাদের কাছ থেকে ধান চাউল ক্রয় করে থাকে।

জননেত্রী শেখ হাসিনা চান এ দেশের কৃষকরা যাতে সুখে থাকে হাসি খুশি থাকে সেজন্য কৃষকদের বিভিন্ন সময় নানান রকম ভুর্তকি দিয়ে আসছেন তাছাড়া বিনা মুল্যে সার বীজ বিতরণ করে আসছে।

এমপি সাহিদুজ্জামান খোকন বলেন এর আগে বিএনপি জামায়াত জোট সরকারের আমলে আমরা দেখেছি কৃষক ভাইয়েরা টাকা দিয়ে লাইন দিয়ে সার নিতে গিয়ে গুলি খেয়ে মৃত্যু বরণ করেছেন।

আর এখন আমাদের জননেত্রী শেখ হাসিনা সরকার কৃষকভাইদে বাড়িতে বিনামুল্যে সার বীজ পৌছে দিচ্ছেন।
এমপি সাহিদুজ্জামান খোকন তার এই গ্রাম পরিদর্শনের বিষয়ে সাংবাদিকদের বলেন, ছাত্র জীবন থেকে বঙ্গবন্ধুর আদর্শে ও জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগের রাজনীতির মাধ্যমে মানুষের সেবা করে আসছি।

তিনি বলেন বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার এই মাটির খেটে খাওয়া মানুষের নেত্রী আমি আমার নেত্রীর নির্দেশনা অক্ষরে অক্ষরে পালন করে চলার চেষ্টা করছি এবং আজীবন তার নির্দেশ মেনেই আমার জনগনের সেবা করে তাদের পাশে থাকতে চাই।

এমপি সাহিদুজ্জামান খোকনের স্বপ্ন আজীবন মানুষের সেবার রাজনীতির মাধ্যমে এই এলাকার উন্নয়ন তথা সোনার বাংলা গড়ে তোলা।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মোঃ গোলাম ফারুক, বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মখলেচুর রহমান, সাবেক ছাত্র নেতা শেখ আনিছুজ্জামান লুইছ সহ স্থানীয় জনপ্রতিনিধি সহ সকল স্তরের জনগণ উপস্থিৎ ছিলেন।

–গাংনী প্রতিনিধি

আমঝুপি আলিম মাদ্রাসায় ৪ তলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

মেহেরপুর আমঝুপি আলিম মাদ্রাসায় ৪ তলা একাডেমিক ভবন নির্মানের ভিত্তিপ্রস্তরস্থাপন করা হয়েছে। শনিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি ভিত্তপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন।

ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুনু‘র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি, মেহেরপুর জেলা পুলিশ সুপার এসএম মুরাদ আলি, আরো উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি মেহেরপুর জেলার জেলা প্রশাসক আতাউল গনি, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ইদ্রিস আলী, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, আমদা ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরের যাদবপুরে অগ্নিকান্ড

মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। শনিবার বিকালে ইউসুফ আলীর বাড়িতে রান্না ঘরে এ ঘটনা ঘটে।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌছে আগুন নিয়ন্ত্রন করে। ততক্ষনে রান্নাঘরের সবকিছু পুড়ে ছায় হয়ে যায়।

ইউসুফ আলী জানান, দুপুরে রান্না করার পর কোন এক সময় আগুন লেগে যায়। পরে আমরা ফায়ার সার্ভিসে খবর দিলে সেখান থেকে এস আগুন নিয়ন্ত্রন আনে।

- নিজস্ব প্রতিনিধি